

জনসংযোগ অফিস

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ

ফোন: ৭৭৯১০৪৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

জাবি রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. এনামউল্যা Alexander von Humboldt Foundation award লাভ করায় উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২০ নভেম্বর ২০১৯।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. এনামউল্যা জার্মানির “Alexander von Humboldt Foundation award লাভ করেছেন। ফাউন্ডেশনের Research Group Linkage Programme এর আওতায় বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী কার্বন-ডাই-অক্সাইড গ্যাস নিঃসরণ/হ্রাসের লক্ষ্যে “Reduction of carbon-di-oxide using metal catalyst” শীর্ষক গবেষণার জন্য তিনি এই পুরস্কার লাভ করেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম উক্ত গবেষণা পুরস্কার লাভ করায় ড. মো. এনামউল্যাকে অভিনন্দন জানিয়েছেন।

উল্লেখ্য, অধ্যাপক ড. মো. এনামউল্যা এবং জার্মানির বিখ্যাত Dusseldorf University এর অধ্যাপক ড. ক্রিস্টোফ ইয়ানিয়াক যৌথভাবে উক্ত গবেষণা প্রকল্প পরিচালনা করবেন। এই প্রকল্পের অধীনে ছাত্র-ছাত্রী ও গবেষকগণ উভয় দেশ পরিদর্শনের সুযোগ পাবেন। এছাড়া প্রকল্পের সার্বিক তত্ত্বাবধানে আন্তর্জাতিক মানের সেমিনার-সিম্পোজিয়াম আয়োজনের ব্যবস্থা রয়েছে।

মো. আবদুস সালাম মিয়া

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ অফিস

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়